

48985 - যে কোন মসজিদে ইতিকার করা কি সহিহ?

প্রশ্ন

যে কোন মসজিদে ইতিকার করা কি সহিহ?

প্রিয় উত্তর

যে ধরণের মসজিদে ইতিকার করা জায়েয সে মসজিদের বৈশিষ্ট্য নিয়ে আলেমগণ মতভেদ করেছেন। কোন কোন আলেমের অভিমত হল: যে কোন মসজিদে ইতিকার করা সহিহ। এমনকি সে মসজিদে যদি জামাতের সাথে নামায কায়েম না থাকে তবুও। এ অভিমতের ভিত্তি হল আল্লাহর নিম্নোক্ত বাণীর উপর আমল: "মসজিদে ইতিকারের অবস্থায় তাদের সাথে যৌন সম্পর্ক স্থাপন করো না।"[সূরা বাক্বারা, ২:২৮৭]

ইমাম আহমাদের অভিমত হচ্ছে ঐ মসজিদের ক্ষেত্রে শর্ত হচ্ছে সেখানে জামাতের সাথে নামায কায়েম থাকা। এর সপক্ষে তিনি নিম্নোক্ত দলিল পেশ করেন:

১। আয়েশা (রাঃ) এর বাণী: "জামাতে নামায পড়া হয় এমন মসজিদ ছাড়া ইতিকার হয় না"[বাইহাকীর বর্ণিত; আলবানী "কিয়ামু রামাযান" পুস্তিকাতে সহিহ বলেছেন]

২। ইবনে আব্বাস (রাঃ) এর বাণী: "যে মসজিদে নামায কায়েম হয় এমন মসজিদ ছাড়া কোন ইতিকার হয় না।"[আল-মাওসুআ আল-ফিকহিয়া (৫/২১২)]

৩। তাছাড়া যে মসজিদে জামাতের সাথে নামায হয় না সে মসজিদে ইতিকার করলে দুটো বিষয়ের কোন একটি ঘটতে পারে:

ক) হয়তোবা জামাতের সাথে নামায পড়া বাদ যাবে; আর ওজর ছাড়া কোন ব্যক্তির জন্য জামাতের সাথে নামায ত্যাগ করা জায়েয নয়।

খ) কিংবা অন্য মসজিদে নামায আদায় করার জন্য মসজিদ থেকে বেশি বেশি বের হতে হবে; যা ইতিকারের সাথে সাংঘর্ষিক।

[দেখুন: আল-মুগনী (৪/৪৬১)]

শাইখ উছাইমীন (রহঃ) "আল-শারহুল মুমতি" গ্রন্থে (৬/৩১২) বলেন:

"যে মসজিদে জমায়েত ঘটে সে মসজিদ ছাড়া সহিহ নয়" (অর্থাৎ ইতিকার সহিহ নয়)। এখানে জমায়েত দ্বারা কি যে মসজিদে জুমার নামায হয় সে মসজিদ উদ্দেশ্য; নাকি যে মসজিদে জামাতে নামায হয় সে মসজিদ উদ্দেশ্য?

উত্তর: যে মসজিদে জামাতের সাথে নামায হয় সে মসজিদ। জুমার নামায অনুষ্ঠিত হওয়া শর্ত নয়। কেননা যে মসজিদে জামাতের সাথে নামায হয় না সঠিক অর্থে সেটার ক্ষেত্রে "মসজিদ" শব্দ ব্যবহার করা যায় না। যেমন যে মসজিদ পরিত্যক্ত ও এলাকাবাসী যেখান থেকে অন্যত্র চলে গেছেন।[সমাণ্ড]

সুতরাং ইতিকারফের মসজিদে জুমার নামায অনুষ্ঠিত হওয়া শর্ত নয়। কেননা জুমার নামায বারবার অনুষ্ঠিত হয় না। তাই জুমার নামায পড়তে বের হলে ক্ষতি নেই। কিন্তু পাঁচ ওয়াক্তের নামায এর বিপরীত। কেননা পাঁচ ওয়াক্তের নামায দিবারাতে কয়েকবারে অনুষ্ঠিত হয়।

এ শর্তটি (অর্থাৎ এমন মসজিদ হওয়া যেখানে জামাতে নামায আদায় হয়) ইতিকারফকারী যদি পুরুষ হয় তার ক্ষেত্রে প্রযোজ্য। আর যদি ইতিকারফকারী মহিলা হয় তার জন্য যে কোন স্থানে ইতিকারফ করা সহিহ; এমন কি সে মসজিদে যদি জামাতের সাথে নামায আদায় না হয় তবুও। কেননা জামাতের সাথে নামায আদায় করা নারীর উপর ওয়াজিব নয়।

ইবনে কুদামা "আল-মুগনী" গ্রন্থে বলেন:

নারী যে কোন মসজিদে ইতিকারফ করতে পারেন; সে মসজিদে জামাতে নামায আদায় হওয়া শর্ত নয়। কেননা জামাতের সাথে নামায আদায় করা তার উপর ওয়াজিব নয়। ইমাম শাফেয়ি এ অভিমত ব্যক্ত করেছেন।[সমাণ্ড]

শাইখ বিন উছাইমীন (রহঃ) 'আল-শারহুল মুমতি' গ্রন্থে (৬/৩১৩) বলেন:

যদি কোন নারী এমন কোন মসজিদে ইতিকারফ করেন যেখানে জামাতের সাথে নামায আদায় হয় না তাতে কোন অসুবিধা নেই। কেননা তার উপর জামাতের সাথে নামায আদায় করা ওয়াজিব নয়।[সমাণ্ড]